

মেহেরপুর পৌরসভা কার্যালয়  
মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার তারিখঃ ২২/০৭/২০১৯ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	<del>স্বাক্ষর</del>
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, (সংরক্ষিত) মেহেরপুর পৌরসভা	শিউলী
৩	জনাব হামিদা	কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড, (সংরক্ষিত) মেহেরপুর পৌরসভা	হামিদা
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	<del>স্বাক্ষর</del>
৫	জনাব আবু হেনা মোস্তফা কামাল	নির্বাহী প্রকৌশলী (চ.দা), মেহেরপুর পৌরসভা	<del>স্বাক্ষর</del> ২২/৭/১৯
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি	৬২/১১/১৯
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি	স্বাক্ষর
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	২০/৭/১৯ ২২.০৭.১৯
৯	(স্বাক্ষর) স্বাক্ষর	৬. CDA Group-3	স্বাক্ষর ২২-৭-১৯
১০			

# মেহেরপুর পৌরসভা

## মেহেরপুর।

‘দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন’ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দেশ্যে অদ্য ২২/০৭/২০১৯ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার ‘দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন’ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ট “ক” তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. UGHP-III প্রকল্পের আওতায় অনুমোদিত বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ শুরু করণ প্রসঙ্গে আলোচনা।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী কর্মকর্তা জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৪/০৬/২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
UGHP-III প্রকল্পের আওতায় অনুমোদিত বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ শুরু করণ প্রসঙ্গে আলোচনা।	সভাপতি মহোদয় সভায় জানান, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কার্যক্রমের উপর মেহেরপুর পৌরসভায় চলমান প্রকল্প UGHP-III হতে অনুমোদিত ৬টি বস্তিতে উন্নয়ন মূলক কার্যক্রম বাস্তবায়িত হবে। ইতি মধ্যে ৬টি বস্তিতে প্রথম কিস্তির টাকা সংশ্লিষ্ট হিসাব নম্বরে স্থানান্তর করা হয়েছে। কাজ শুরুর অন্যান্য কার্যক্রমগুলি ঠিক করা হচ্ছে। সভাপতি মহোদয় আরোও বলেন, বস্তির এই কাজ অনেক দিনের প্রতিফল ফল। বস্তির সদস্যদের দীর্ঘদিনের দাবি মেয়র মহোদয় নিজে উপস্থিত থেকে এই কাজের শুভ উদ্বোধন করবেন। বস্তি বাসির পক্ষে সভাপতি মহোদয় মেয়র মহোদয়কে অনুরোধ করেন বস্তিতে গিয়ে এই কাজের শুভ উদ্বোধন করার জন্য। মেয়র মহোদয় সভায় জানান, UGHP-III প্রকল্পের মাধ্যমে মেহেরপুর পৌরসভায় বিভিন্ন ওয়ার্ডের ৬ টি	পৌর পরিষদ, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এস আই সি।

	<p>বস্তিতে (আখড়া পাড়া, হালদার পাড়া, ভৈরব পাড়া, হটাং পাড়া, দিঘীর পাড়া ও পশুহাট পাড়া) ফুটপাথ, ড্রেন, টয়লেট, নলকূপ, ডাষ্টবিন ও ষ্টিট লাইট এর যে কাজ শুরু হতে চলেছে তা ঐ সমস্ত এলাকা বাসির দির্ঘ দিনের দাবি। যার ফলে তিনি নিজে তৎপর হয়ে এই কাজ দ্রুত সময়ে বরাদ্দ নিয়ে এসেছেন। তিনি আরোও বলেন, এলাকাবাসির দাবি প্রতি সম্মান প্রদর্শন করে তিনি প্রতিটি বস্তিতে গিয়ে কাজের শুভ উদ্বোধন করবেন। এ বিষয়ে তিনি বস্তি উন্নয়ন কর্মকর্তাকে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য বলেন।</p> <p>মেয়র মহোদয় এই পর্যায়ে বলেন, UGHP-III প্রকল্প হতে বস্তি উন্নয়নের কার্যক্রম যাতে সুষ্ঠু ভাবে করা যায় সেদিকে নজর রাখতে বলেন, এ ব্যাপারে কোন গাফিলতি মেনে নেওয়া হবেনা। তিনি আরো বলেন যতো দ্রুত সম্ভব আমাদের এই কাজ শুরু করতে হবে। তিনি এ ব্যাপারে প্রকল্প অফিসের সাথে নিয়মিত যোগাযোগ রাখার জন্য বস্তি উন্নয়ন কর্মকর্তাকে বলেন।</p>	
বিবিধ	<p>দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি হোসনে আরা সভাপতির মাধ্যমে মেয়র মহোদয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক জানতে চান, এই ছয়টি বস্তির কাজে তাদের ভূমিকা কি?</p> <p>মেয়র মহোদয় সভায় জানান, যেহেতু এই কাজ কোন টেন্ডার ছাড়া বস্তি উন্নয়ন কমিটির মাধ্যমে হবে তাই এই কাজের ক্ষেত্রে আপনাদের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। আপনার নিয়মিত কাজের তদারকি করবেন এবং কাজের ভালোমন্দ অবশ্যই আমাকে সহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন। এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।</p>	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোছাঃ আলপনা খাতুন)

কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড (সংরক্ষিত)

ও সভাপতি

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,

মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" (সেক্টর) প্রকল্প।
২. ...., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।